# সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২১৫

৪/ উযূ (كتاب الوضوء)

পরিচ্ছেদঃ ১৫১। হাদস ছাড়া উযূ করা

باب الْوُضُوءِ مِنْ غَيْرِ حَدَثٍ

আরবী

حَدَّثَنَا خَالِدُ بْنُ مَخْلَدٍ، قَالَ حَدَّثَنَا سُلَيْمَانُ، قَالَ حَدَّثَنِي يَحْيَى بْنُ سَعِيدٍ، قَالَ أَخْبَرَنِي بُشَيْرُ بْنُ يَسَارٍ، قَالَ أَخْبَرَنِي سُوَيْدُ بْنُ النُّعْمَانِ، قَالَ خَرَجْنَا مَعَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم عَامَ خَيْبَرَ، حَتَّى إِذَا كُنَّا بِالصَّهْبَاءِ، صَلَّى لَنَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم الْعَصْرَ، فَلَمَّا صَلَّى دَعَا بِالأَطْعِمَةِ، فَلَمْ يُؤْتَ إِلاَّ بِالسَّوِيقِ، فَأَكَلْنَا وَشَرِبْنَا، ثُمَّ قَامَ النَّبِيُّ صلى الله عليه وسلم إِلَى الْمَغْرِبِ فَمَضْمَضَ، ثُمَّ صَلَّى لَنَا الْمَغْرِبَ وَلَمْ يَتَوَضَّأْ.

বাংলা

২১৫। খালিদ ইবনু মাখলাদ (রহঃ) ... সুওয়ায়দ ইবনু’ন-নু’মান (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেনঃ খায়বার যুদ্ধের বছর আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে বের হলাম। সাহবা নামক স্থানে পৌঁছে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের নিয়ে আসরের সালাত (নামায/নামাজ) আদায় করলেন। সালাত শেষে তিনি খাবার আনতে বললেন। ছাতু ছাড়া আর কিছু আনা হল না। আমরা তা খেলাম এবং পান করলাম। তারপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মাগরিবের জন্য দাঁড়িয়ে কুলি করলেন; তিনি (নতুন) উযূ (ওজু/অজু/অযু) করলেন না।

## English

Narrated Suwaid bin Nu`man: In the year of the conquest of Khaibar I went with Allah's Messenger (sallallahu 'alaihi wa sallam) till we reached As-Sahba' where Allah's Messenger (sallallahu 'alaihi wa sallam) led the `Asr prayer and asked for the food. Nothing but saweeq was brought and we ate it and drank (water). The Prophet (sallallahu 'alaihi wa sallam) got up for the (Maghrib) Prayer, rinsed his mouth with water and then led the prayer without repeating the ablution.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ সুওয়াইদ ইবনু নু'মান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=223

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন